

🗏 আশ-শূরা | Ash-Shura | الشُّورى

আয়াতঃ ৪২: ৩১

💵 আরবি মূল আয়াত:

وَ مَا اَنتُم بِمُعجِزِينَ فِى الأرضِ وَ مَا لَكُم مِّن دُونِ اللهِ مِن وَّلِيِّ وَّ لَا نَصِيرٍ ﴿٣١﴾

তোমরা যমীনে (আল্লাহর কর্ম পরিকল্পনাকে) ব্যর্থ করতে পারবে না। আর আল্লাহ ছাড়া তোমাদের কোন অভিভাবক নেই এবং কোন সাহায্যকারীও নেই। — আল-বায়ান

তোমরা যমীনে (আল্লাহর কর্ম ও পরিকল্পনাকে) ভন্তুল (অক্ষম) করতে পারবে না। আল্লাহ ছাড়া তোমাদের না আছে কোন অভিভাবক, আর না আছে সাহায্যকারী। — তাইসিরুল

তোমরা পৃথিবীতে আল্লাহর অভিপ্রায়কে ব্যর্থ করতে পারবেনা এবং আল্লাহ ব্যতীত তোমাদের কোন অভিভাবক নেই, সাহায্যকারীও নেই। — মুজিবুর রহমান

And you will not cause failure [to Allah] upon the earth. And you have not besides Allah any protector or helper. — Sahih International

৩১. আর তোমরা যমীনে (আল্লাহ্কে) অপারগকারী নও এবং আল্লাহ্ ছাড়া তোমাদের কোন অভিভাবক নেই, কোন সাহায্যকারীও নেই।

তাফসীরে জাকারিয়া

- (৩১) তোমরা পৃথিবীতে (আল্লাহর ইচ্ছাকে) ব্যর্থ করতে পারবে না।[1] আর তিনি ব্যতীত তোমাদের কোন অভিভাবক নেই, সাহায্যকারীও নেই।
 - [1] অর্থাৎ, তোমরা পালিয়ে কোন এমন স্থানে যেতে পারবে না, যেখানে তোমরা আমার পাকড়াও থেকে রেহাই পেতে পার অথবা যে বিপদ আমি তোমাদের উপর প্রেরণ করতে চাই, তা থেকে তোমরা বেঁচে যাও।

তাফসীরে আহসানুল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন